

মরিশাস প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করলেন প্রধানমন্ত্রী (11 মার্চ, 2025)

11 মার্চ, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মরিশাসের রাষ্ট্রপতি মহামহিম শ্রী ধরমবীর গোখুলের সাথে স্টেট হাউসে সাক্ষাৎ করেন।

2. দুই নেতা ভারত ও মরিশাসের মধ্যে বিশেষ এবং ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীর করে তোলার বিষয়ে আলোচনা করেন। এই প্রেক্ষাপটে, তারা দুই দেশের অন্তর্ভুক্তি ইতিহাস এবং জনগণের সাথে জনগণের শক্তিশালী সংযোগের অস্তিত্বের কথা স্মরণ করেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, দ্বিতীয় বার মরিশাসের জাতীয় দিবস উদযাপনে প্রধান অতিথি হিসেবে যোগদান করার সুযোগ পেয়ে তিনি অত্যন্ত সম্মানিত। বিশেষ সৌজন্যের প্রতীক হিসেবে তিনি প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি গোখুল এবং ফার্স্ট লেডি বৃন্দা গোখুলের হাতে OCI কার্ড তুলে দেন। স্টেট হাউসে ভারত সরকারের সহযোগিতায় প্রতিষ্ঠিত আয়ুর্বেদ উদ্যান প্রধানমন্ত্রী এদিন পরিদর্শন করেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, আয়ুর্বেদ সহ পারম্পরিক চিকিৎসা পদ্ধতির উপযোগিতা তুলে ধরার লক্ষ্যে মরিশাস হল ভারতের এক গুরুত্বপূর্ণ অংশীদার।

3. বৈঠকের পরে, রাষ্ট্রপতি গোখুল প্রধানমন্ত্রীর সম্মানে এক রাষ্ট্রীয় মধ্যাহ্নভোজের আয়োজন করেন।

পোর্ট লুই

11 মার্চ, 2025